



তারিখ: ১১ ফেব্রুয়ারী ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## সম্প্রতি সড়ক দুর্ঘটনায় নিহত ৫ জনের পরিবারকে ১ লাখ টাকা করে ক্ষতিপূরণ প্রদানের জন্য হাইকোর্টের নির্দেশনা

আজ ১১ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি শেখ হাসান আরিফ এবং মাননীয় বিচারপতি রাজিক আল জলিলের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ সম্প্রতি সড়ক দুর্ঘটনায় নিহত ৫ জনের পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের জন্য জনস্বার্থে দায়েরকৃত রীট মামলা নং ১৩৯৪/২০১৯ এর প্রাথমিক শুনানী শেষে সংশ্লিষ্ট বিবাদীরা ক্ষতিপূরণ বাবদ কেন ৫০ লাখ টাকা প্রদান করবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন।

ইতোমধ্যে অর্ন্তবর্তীকালীন হিসেবে রুলের কপি পাওয়ার ১৫ দিনের মধ্যে সড়ক দুর্ঘটনায় নিহত ব্যক্তিদের পরিবারকে ১ লাখ টাকা করে ক্ষতিপূরণ প্রদানের জন্য স্বরাষ্ট্র সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সচিব, বিআরটিএ চেয়ারম্যান এর প্রতি হাইকোর্ট নির্দেশনা প্রদান করেছেন। এছাড়াও আগামী ১৯ এপ্রিল ২০১৯ ইং তারিখের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য বিবাদীগণ ১৩-১৮ (অফিসার ইনচার্জ-উত্তরা থানা, উত্তরা, ঢাকা, অফিসার ইনচার্জ-তুরাগ থানা, উত্তরা, ঢাকা, অফিসার ইনচার্জ-কালিয়াকৈর থানা, গাজীপুর, অফিসার ইনচার্জ-সীতাকুন্ড থানা, চট্টগ্রাম, অফিসার ইনচার্জ-হিজলা থানা, বরিশাল, অফিসার ইনচার্জ-ওসমানীনগর থানা, সিলেট) এর প্রতি নির্দেশনা প্রদান করেছেন হাইকোর্ট।

গত ৭ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন (সিসিবি ফাউন্ডেশন) এর চেয়ারম্যান এবং বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষে আইনজীবী ব্যারিস্টার আবদুল হালিম রীট মামলা নং ১৩৯৪/২০১৯ (চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন ও অন্যান্য বনাম বাংলাদেশ ও অন্যান্য) দায়ের করেন এবং আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন। রাষ্ট্র পক্ষে ছিলেন ডেপুটি এটর্নি জেনারেল জনাব মোখলেসুর রহমান।

উল্লেখ্য যে, গত ২ ফেব্রুয়ারী ২০১৯ ইং নুসরাত চৌধুরী (২৩) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের ছাত্রী সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে ১২ দিন মৃত্যুর সাথে লড়াই করে মৃত্যুবরণ করেন। একই দিনে বরিশালের হিজলা উপজেলায় ট্রলি গাড়ির চাপায় লিজা আক্তার (৯) নামের এক শিশু শিক্ষার্থী স্কুলে যাওয়ার পথে ঘটনাস্থলেই মৃত্যু বরণ করেন। একই দিনে সিলেট-ঢাকা মহাসড়কের কাছে কুরিয়া বাজার, ওসমান নগর, আহমেদ রিফাত (৬) সিএনজি চালিত অটোরিকশায় থাকা অবস্থায় বাসের সাথে মুখোমুখী সংঘর্ষে মৃত্যুবরণ করেন। গত ৩ ফেব্রুয়ারী ২০১৯ ইং মো: মিরাজ খান (৫) কালিয়াকৈর, গাজীপুরে অটোরিকশায় করে স্কুল থেকে বাড়ি ফেরার পথে ট্রাক চাপায় ঘটনাস্থলেই মারা যান। অপর একটি ঘটনায় গত ৫ ফেব্রুয়ারী ২০১৯ ইং মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের পঞ্চম শ্রেণীর ছাত্রী ফাইজা তাহসিনা সূচি (১০) বেপরোয়া মাইক্রোবাসের তলে চাপা পড়ে মৃত্যুবরণ করেন।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা

কমিউনিকেশনস স্পেশালিস্ট

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

ইমেইল : asma@blast.org.bd

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

1. মাহবুবা আক্তার, উপ-পরিচালক (এডভোকেসী ও কমিউনিকেশনস), বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), ইমেইল : mahbuba@blast.org.bd
2. এডভোকেট ব্যারিস্টার আবদুল হালিম, ইমেইল : halim\_md@yahoo.co.uk